যুগান্তর

তারিখ ...01 SEP 2015...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

# বিদেশী শিক্ষার্থীদের মেডিকেলে ভর্তিতে সময়সীমা ২০ নভেম্বর

যুগান্তর রিপোর্ট

আগামী ২০ নভেম্বর পর্যন্ত মেডিকেলে ভর্তির সুযোগ পাবে বিদেশী শিক্ষার্থীরা। এ সময়ের মধ্যে বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাসের মাধ্যমে নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন করতে পারবেন তারা। সোমবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আইয়ুবুর রহমানের সভাপতিতে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় অংশগ্রহণকারী বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক হাবিবুল হক যুগান্তরকে বলেন, সভায় সরকারি মেডিকেল কলেজে বিদেশী শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫ নভেম্বর এবং বেসরকারি মেডিকেল কলেজের ক্ষেত্রে ২০ নভেম্বর পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছে।

**মেডিকেলে ভর্তি বাণিজ্য চক্র থেকে সাবধান :** ২০ লাখ টাকায় সরকারি মেডিকেলে ভর্তির নিশ্চয়তা দিচ্ছে একটি চক্র। তারা শতভাগ ভর্তির নিশ্চয়তা দিয়ে বিপুল অংকের টাকা হাতিয়ে নিতে শুরু করেছে গোপন প্রচারণা। এ চক্রের সদস্যরা বিভিন্ন কোচিং সেন্টার ও ব্যক্তিগতভাবে ১০০ ভাগ কমন সাজেশন, সিক্রেট সাজেশন ও স্পেশাল অফারের মাধ্যমে মেডিকেল কলেজে ভর্তির বিষয়ে গ্যারান্টি দিয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা দাবি করছে। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান জানান, প্রতিবছরের মতো এবারও সংঘবদ্ধ প্রতারক চক্র সক্রিয় হয়ে উঠেছে। তিনি মেডিকেল ভর্তিচ্ছুদের প্রতারকদের খপ্পরে না পড়ে পড়াশোনায় মনযোগী হওয়ার আহ্বান জানিয়েছেন।